তারিখ 01 DEC 1991
পৃষ্ঠা ৮ কলাম ৮

দৈনিক খবর

167

# পদোন্নতি পেয়ে ৭০৯ জন প্রভাষক সহকারী অধ্যাপক হলেন

বাসস জানায়ঃ সরকার গতকাল শনিবার দেশের সরকারী কলেজগুলোর ৭০৯ জন প্রভাষকের সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি অনুমোদন করেছে। এক সরকারী তথ্য বিবরণীতে বলা হয়, এসব পদোন্নতি দীর্ঘদিন ফাইলবন্দী হয়ে পড়েছিল। এছাড়া সরকার আরো ৪শ' প্রভাষকের যথাসম্ভব তাড়াতাড়ি পদোন্নতির ব্যাপারে যথাযথ পদক্ষেপ নিয়েছে। এই পদোন্নতির মাধ্যমে সরকার সরকারী কলেজসমূহের সহযোগী অধ্যাপক ও অধ্যাপকের শূন্য আসনগুলো পূরণের উদ্যোগ নিয়েছে। সরকারী তথ্য বিবরণীতে আরো বলা হয়, প্রভাষকদের শূন্য আসন পূরণের জন্য সরকার শিগগিরই প্রভাষক পদে লোক নিয়োগ করবে।

এই পদোন্নতি এবং শিক্ষামন্ত্রীর আশ্বাসের প্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কলেজ প্রভাষক সমিতি তাদের কর্মবিরতি স্থগিত ঘোষণা করেছে। সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, গতকাল শনিবার শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার ও সমিতির কেন্দ্রীয় নেতৃবৃন্দের মধ্যে এক জরুরী বৈঠকের পর এই স্থগিতের সিদ্ধান্ত নেয়া হয়।